


পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/৫৬৭/২০১৭/৪৮৩১

তারিখ : ১৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয়: বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণে ১৪, ১৫ ও ১৬ ব্যাচের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

জনাব
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের De-Novo রেজিস্ট্রেশন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুযায়ী বিএ এবং বিএসএস প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ ১৪, ১৫ এবং ১৬ ব্যাচের ৫০% কোর্স/বিষয় সম্পন্নকারী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ DeNovo রেজিস্ট্রেশন এর মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আগামী ১০/০৪/২০২৬ তারিখের মধ্যে নিম্নলিখিত ফি নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে ডিন, এসএসএইচএল বরাবর আবেদন করতে পারবে।

De-Novo রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি :

কোর্স ফি (প্রতি কোর্স)	৭৩৫/-
রেজিস্ট্রেশন ফি (প্রতি সেমিস্টার)	২০০/-
পরীক্ষার ফি (প্রতি কোর্স)	৭৫/-
সাময়িক সনদপত্র ফি	৩০০/-
নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি	৪০০/-
প্রশংসাপত্র ফি	১০০/-
একাডেমিক ক্যালেন্ডার ফি	৫০/-
পুনঃপরীক্ষার ফি (পুনরায় De-Novo পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে)	১২০/-

উল্লেখ্য, DeNovo রেজিস্ট্রেশনকৃত ১৬ ব্যাচের শিক্ষার্থীদের বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের ১ম সুযোগ এবং ১৪ ব্যাচের শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।


ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : অবগতি ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. আইসিটি কনসালটেন্ট, বাউবি।
৫. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সংরক্ষণ নথি।

উবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা



29/2/26